দৈঃ বার্তা


তারিখ ২৬/৬/৮১
পৃষ্ঠা ৪ কলাম ৫


045

# আউয়ার গ্রামের খাল খননের আবেদন

বরিশাল জেলার বানরীপাড়া থানাধীন লবণসারা হইতে আউয়ার গ্রামের মধ্য দিয়া প্রবাহিত ইন্দ্রের হাওলা পর্যন্ত, প্রায় চার মাইল দীর্ঘ খালটি ভরাট হইয়া যাওয়ার ফলে এলাকার ধান চাষসহ বিভিন্ন কৃষি কাজ দারুণভাবে বিঘ্নিত হইতেছে। অর্থাৎ প্রয়োজনীয় পরিমাণ পানির অভাব। খালটিতে পানি না থাকায় পাওয়ার পাম্প আনিয়া ইরিধান বা অন্যান্য ধানের চাষ সম্পূর্ণভাবে অসম্ভব হইয়া দাঁড়াইয়াছে। আর তাই সরকারের "খাদ্য উৎপাদন দ্বিগুণ কর" কর্মসূচীতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করাও সম্ভব হইতেছে না।

সরকারের কাছে আমাদের আবেদন এই যে, খুব শীঘ্রই এই খালটি খনন করার প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা হউক।

এলাকাবাসীদের পক্ষে—
শাহ মোঃ মিজানুর রহমান, মোঃ আবুল কালাম আজাদ, আউয়ার, বানরীপাড়া, বরিশাল।